



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ  
মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ

স্মারক নং-বিএসএমআরএমইউ/এমএমবিএস/ডিন-৯৪২/২০২১/১০৪

তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির বিশেষ প্রকাশনা (স্মরণিকা) প্রকাশের নিমিত্তে লেখা আহ্বান প্রসঙ্গে।

সূত্র:

ক। স্মারক নং-বিএসএমআরএমইউ রেজিঃ-৩১০/২০২১/১৯১৫, তারিখ ২৩ আগস্ট ২০২১।

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বিবিধ কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে বিশ্ববিদ্যালয় দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্বলিত বিশেষ করে ভাষা আন্দোলন ও তৎপরবর্তী বিভিন্ন আন্দোলন এবং মহান মুক্তিযুদ্ধ সম্পর্কিত বিভিন্ন লেখনি, ডকুমেন্ট, ফটোগ্রাফ, রচনা/প্রবন্ধ রচনা, রম্য রচনা, ছড়া, স্মৃতিচারণমূলক আত্মকথা, কবিতা, ভ্রমণ কাহিনী প্রভৃতি সম্বলিত একটি বিশেষ প্রকাশনা (স্মরণিকা) প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে সূত্রপত্রের নির্দেশনা মোতাবেক গঠিত কমিটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের নিকট থেকে এবং দেশের প্রথিতযশা বিশেষজ্ঞ ও শিক্ষাবিদদের নিকট থেকে লেখা আহ্বান করা যাচ্ছে। লেখা সম্পর্কিত বিবরণ নিম্নরূপঃ

লেখার বিষয়বস্তু	শব্দ সংখ্যা/পৃষ্ঠা	ফন্ট ও স্পেস	লেখা জমা দেয়ার শেষ তারিখ
প্রবন্ধ রচনা, ভ্রমণ কাহিনী, স্মৃতিচারণ মূলক আত্মকথা, বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার ও মুক্তিযুদ্ধ ভিত্তিক তথ্য সম্বলিত লেখা	১০০০-১৫০০/২ পৃষ্ঠা	অব্র সফটওয়্যার এ নিকোশ ফন্ট, সিঙ্গেল স্পেস	০৭ অক্টোবর ২০২১
কবিতা, রম্য রচনা, ছড়া	সুবিধাজনক . তবে ০১ (এক) পৃষ্ঠার মধ্যে	অব্র সফটওয়্যার এ নিকোশ ফন্ট সিঙ্গেল স্পেস	০৭ অক্টোবর ২০২১

২। লেখার বিষয়বস্তু। স্মরণিকায় লেখার বিষয়বস্তু নিম্নরূপ:

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত ও রাজনৈতিক জীবন সংক্রান্ত যেকোনো লেখা।
- মুক্তিযুদ্ধের তথ্যসমৃদ্ধ প্রবন্ধ, গল্প, কবিতা, স্মৃতিচারণমূলক আত্মকথা, বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার, মুক্তিযুদ্ধে সরাসরি অংশগ্রহণ সংক্রান্ত অভিজ্ঞতা।
- মুক্তিযুদ্ধ পরবর্তী বাংলাদেশের ইতিহাস-সামগ্রিক/সেক্টর ভিত্তিক অগ্রগতি সংক্রান্ত প্রবন্ধ।
- ভাষা আন্দোলন, স্বাধিকার আন্দোলন, ৬ দফা আন্দোলন, ৬৯ এর গণঅভ্যুত্থান, ৭০ এর নির্বাচন এবং মুক্তিযুদ্ধে অপারেশন জ্যাকপটের অবদান শীর্ষক প্রবন্ধ।
- স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত কার্যক্রমের সচিত্র প্রতিবেদন।

৩। উপরোক্ত বর্ণনা এবং বিষয়ের আলোকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের নিকট থেকে অনুচ্ছেদ-১ এর নির্দেশনা মোতাবেক লেখা আগামী ০৭ অক্টোবর ২০২১ এর মধ্যে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ড. সৈয়দ রাশিদুল হাসান  
অধ্যাপক ও বিভাগীয় প্রধান  
মেরিটাইম ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট ও  
সভাপতি, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে  
বিএসএমআরএমইউ এর স্মরণিকা প্রকাশ সম্পাদনা  
কমিটি